



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেট হাইওয়ে সিস্টেমের অংশকে SP4 রিচার্ড এফ. ওয়াল্টন জুনিয়র মেমোরিয়াল হাইওয়ে আখ্যা দিয়ে বিধিমালায় স্বাক্ষর করেছেন

**বিধিমালাটি (S.6799/A.7616) টাউন অফ বাটারনাটস, ওটসেগো কাউন্টির স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে SP4 রিচার্ড এফ. ওয়াল্টন জুনিয়র মেমোরিয়াল হাইওয়ে হিসেবে আখ্যা দেয়**

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা S.6799/A.7616 স্বাক্ষর করেছেন যেখানে ওটসেগো কাউন্টিতে অবস্থিত টাউন অফ বাটারনাটসে স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে SP4 রিচার্ড এফ. ওয়াল্টন জুনিয়র মেমোরিয়াল হাইওয়ে হিসেবে আখ্যা দেওয়া হয়েছে।

"SP4 রিচার্ড ওয়াল্টন জুনিয়র একজন মার্কিন বীর যিনি অন্যদের সাহায্য করার জন্য বাঁচতেন এবং নিজের দেশের সেবায় করুণভাবে প্রাণ হারিয়েছেন," **গভর্নর হোকল বলেন।** "এই আখ্যা তার জীবন, সাহস, নিবেদন, এবং দেশের জন্য করা তার আত্মত্যাগকে সম্মান জানাবে।"

রিচার্ড ওয়াল্টন জুনিয়রের জন্ম ও বেড়ে ওঠা নিউ ইয়র্কের টাউন অফ বাটারনাটসে, তার পরিবার যেখানকার দীর্ঘদিনের বাসিন্দা। 1968 সালে, ওয়াল্টন 326তম মেডিক্যাল ব্যাটেলিয়ন, 101তম এয়ারবর্ন, মার্কিন ডিভিশনের সাথে তালিকাভুক্ত হওয়ার পর প্রাথমিক প্রশিক্ষণ এবং চিকিৎসা প্রশিক্ষণ গ্রহণ করেন। সেই বছরের নভেম্বর মাসে, তিনি এক-বছরের ট্যুর অফ ডিউটির জন্য স্বৈচ্ছাসেবক হিসেবে ভিয়েতনামে যান। তার ট্যুরের পর, তিনি দক্ষিণ-পূর্ব এশিয়ায় মেডিক হিসেবে নিজের কাজে ফেরার ইচ্ছা করেন। পিতামাতার সাথে বড়দিন কাটানোর জন্য ছোট একটি ট্রিপের পর, ওয়াল্টন আরেকবার নিজের দেশের সেবার ডাকে সাড়া দেন এবং দক্ষিণ ভিয়েতনামে ফেরত যান।

1970 সালের 6 ফেব্রুয়ারি, ভিয়েতনামে সেবাপ্রদানের সময়, একটি হেলিকপ্টার বিধ্বস্ত হওয়ার ঘটনায় SP4 রিচার্ড এফ. ওয়াল্টন জুনিয়র তার প্রাণ হারান।

**সিনেটর পিতার ওবারাকার বলেন,** "মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক ইউনিফর্ম পরা প্রত্যেক পুরুষ ও মহিলা আমাদের জাতি এবং আমাদের জীবনধারণের জন্য আত্মত্যাগ করে, যেমন আর্মি স্পেশালিস্ট ওয়াল্টন চূড়ান্ত আত্মত্যাগ করেছেন। SP-4 ওয়াল্টন অন্যদের সাহায্য করার জন্য সেবাদান করেছেন, 'বন্দুকের বদলে সুচ বহন করে,' যেমনটি তিনি বলতেন। তার স্মৃতি জীবিত

রাখার ব্যাপারে সাহায্য করা এবং তার নিজের শহর গিলবার্টসভিল ও তার দেশের জন্য তার গুরুত্ব যাতে অন্য সকলে জানতে পারে নিশ্চিত করা আমার জন্য বিনীত সম্মান।"

**অ্যাসেসম্বলিমেন্সার জো এণ্ডেলিনো বলেন,** "আমি খুশি যে টাউন অফ বাটারনাটসের স্টেট রুট 51 এর নাম 'স্পেশালিস্ট ফোর্থ ক্লাস রিচার্ড এফ. ওয়াল্টন জুনিয়র মেমোরিয়াল হাইওয়ে' রাখা হবে। 1970 সালে ভিয়েতনামে রিচার্ডের আত্মত্যাগ যাতে কখনো না ভোলা হয় সেজন্য এই স্বীকৃতি জরুরি। রিচার্ড ইতিমধ্যে ভিয়েতনামে সৈনিক হিসেবে একটি কমব্যাট ট্যুরে সেবা প্রদান করেছিলেন, এরপর স্বেচ্ছায় তিনি মেডিক হিসেবে একটি অতিরিক্ত ট্যুরে ফেরত যান যখন একটি হেলিকপ্টার বিধ্বংস হয়ে তার প্রাণ যায়। এই আখ্যা এই হাইওয়েতে চলাচলকারী সকলকে তা মনে করিয়ে দিবে এবং তার অবশিষ্ট পরিবারকে সাহায্য দিবে যে রিচার্ডকে ভুলে যাওয়া হয়নি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418